রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/২৫ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ২৫৫-আইন/২০২২।**—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) 'অনির্দিষ্ট উৎস (Non Point Source)' অর্থ বায়ুদূষক নিঃসরণের এইরূপ উৎস যাহা একক শনাক্তযোগ্য উৎস বা নির্দিষ্ট স্থান হইতে উদ্ভূত নহে;

(খ) 'আইন' অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন);

(গ) 'চলমান উৎস' অর্থ শনাক্তযোগ্য এইরূপ বায়ুদূষক উৎস যাহা চলমান অবস্থায় নিঃসরণ করে, যেমন-মোটরযান, নৌযান, রেলগাড়ি, আকাশযান বা অনুরূপ কোনো উৎস;

(ঘ) 'জাতীয় কমিটি' অর্থ বিধি ১৫ এর অধীন গঠিত বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটি;



**মূল্য :** টাকা ৩০.০০

(ঙ) ‘ডিগ্রেডেড এয়ার শেড (Degraded Air Shed)’ অর্থ ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৯ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৪) এর দফা (ছ) এ সংজ্ঞায়িত ডিগ্রেডেড এয়ার শেড;

(চ) ‘তফসিল’ অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ছ) ‘ধারা’ অর্থ আইনের ধারা;

(জ) ‘নির্দিষ্ট উৎস’ অর্থ বায়ুদূষক নিঃসরণের এইরূপ উৎস যাহা এককভাবে শনাক্তযোগ্য উৎস এবং যাহা নির্দিষ্ট স্থান হইতে উদ্ভূত, যেমন-শিল্পাঞ্চলে শিল্পকারখানা, নির্মাণাধীন এলাকায় নির্মাণ কার্যক্রম, ইত্যাদি;

(ঝ) ‘নিঃসরণ’ অর্থ কোনো নির্দিষ্ট, অনির্দিষ্ট, চলমান, স্থির, গৃহাভ্যন্তরীণ বা বাহিরের উৎস হইতে বায়ুমণ্ডলে সঞ্চারিত কোনো বায়ুদূষক, গ্যাসের প্রবাহ বা দুর্ঘটনাজনিত নির্গমন;

(ঞ) ‘পরিবেষ্টক বায়ুমান (Ambient Air Quality)’ অর্থ কোনো এলাকা বা অঞ্চলের বায়ুর মান যাহা দূষণের উৎসে নিঃসরিত বায়ুমান হইতে ভিন্ন;

(ট) ‘প্রধান বায়ুদূষক’ অর্থ বিধি ৬ এর অধীন তালিকাভুক্ত দূষকসমূহ;

(ঠ) ‘বায়ু’ অর্থ পৃথিবী পরিবেষ্টিত গ্যাসীয় পদার্থ, প্রধানত অক্সিজেন ও নাইট্রোজেনের মিশ্রণ;

(ড) ‘বায়ুদূষক’ অর্থ বায়ুতে উপস্থিত এইরূপ কোনো পদার্থ যাহা জনস্বাস্থ্য, পরিবেশ ও প্রতিবেশের জন্য ক্ষতিকর বা ক্ষতির কারণ হইতে পারে;

(ঢ) ‘বায়ুদূষণ’ অর্থ কঠিন, তরল বা গ্যাসীয় পদার্থ যাহা নির্ধারিত মানমাত্রার অধিক পরিমাণে বায়ুমণ্ডলে উপস্থিত থাকিয়া বায়ুর (গৃহাভ্যন্তর ও বাহিরের) স্বাভাবিক কার্যকারিতা ব্যাহত করে, জনস্বাস্থ্য, উদ্ভিদ ও প্রাণিকুলের জন্য ক্ষতিকর এবং পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধিত হয় বায়ুর এইরূপ অবস্থা;

(ণ) ‘বায়ুমান পরিবীক্ষণ কেন্দ্র’ অর্থ অধিদপ্তর কর্তৃক পরিচালিত অথবা অনুমোদিত বায়ুমান পরিবীক্ষণ কেন্দ্র;

(ত) ‘স্থানীয় সরকার প্রতিষ্ঠান’ অর্থ ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন; এবং

(থ) ‘স্থির-উৎস’ অর্থ কোনো দালান বা চলমান নহে এইরূপ কাঠামো, সুবিধাদি বা স্থাপনা যাহা হইতে বায়ুদূষক নির্গত হয় বা হইতে পারে, যেমন-শিল্পকারখানা, ইটভাটা, অবকাঠামো নির্মাণকার্য, ইত্যাদি।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **পরিবেষ্টক বায়ু, ঘ্রাণ, ইত্যাদির মানমাত্রা নির্ধারণ।**—(১) ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে, পরিবেষ্টক বায়ু ও ঘ্রাণের মানমাত্রা যথাক্রমে, তফসিল ১ ও ৪ এ উল্লিখিত মানমাত্রার ভিত্তিতে নির্ধারিত হইবে।

(২) ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (ঙ) এর উদ্দেশ্য পূরণকল্পে, মোটরযানের নিঃসরণ মানমাত্রা, যান্ত্রিক নৌযানজনিত নিঃসরণ মানমাত্রা ও শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের গ্যাসীয় নিঃসরণ মানমাত্রা যথাক্রমে, তফসিল ২, ৩ ও ৫ এ উল্লিখিত মানমাত্রার ভিত্তিতে নির্ধারিত হইবে।

(৩) ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (ঞ) এর উদ্দেশ্য পূরণকল্পে, নির্মাণ কাজের ধূলিকণা নিয়ন্ত্রণের মানমাত্রা তফসিল ৬ এ উল্লিখিত মানদণ্ডের ভিত্তিতে নির্ধারিত হইবে।

৪। **জাতীয় বায়ুমান ব্যবস্থাপনা পরিকল্পনা।**—মহাপরিচালক, সরকারের অনুমোদনক্রমে, বায়ুদূষণ নিয়ন্ত্রণ ও প্রশমনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত করিয়া সময়ভিত্তিক একটি জাতীয় বায়ুমান ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করিবেন, যথা:—

(ক) কৌশলগত ব্যবস্থাপনা ও সমন্বয়ের প্রয়োজনে প্রাতিষ্ঠানিক কর্মকাঠামো;

(খ) চলমান, নির্দিষ্ট বা অনির্দিষ্ট উৎস এবং চিমনিসহ স্থায়ী উৎস হইতে নিঃসরিত বায়ুর কার্যকর ব্যবস্থাপনা;

(গ) গৃহাভ্যন্তরীণ বায়ুমানের (Indoor Air Quality) কার্যকর ব্যবস্থাপনা;

(ঘ) ঝুঁকিপূর্ণ দূষক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা;

(ঙ) বায়ুমান ব্যবস্থাপনায় সর্বোত্তম চর্চাসমূহের স্বীকৃতি ও প্রচার;

(চ) পরিচ্ছন্ন শক্তি (Clean Energy), শক্তি সাশ্রয়ী প্রযুক্তি (Energy Efficient Technology), গ্যাসীয় নিঃসরণের সহিত সম্পর্কিত জ্বালানির গুণগতমান;

(ছ) বায়ুমান পরিবীক্ষণ;

(জ) বায়ুমানের বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ, গবেষণা, ব্যবস্থাপনা এবং প্রচার প্রচারণা;

(ঝ) বায়ুদূষণ বিষয়ে গবেষণা এবং উহার ক্ষতিকর প্রভাব নিরূপণ;

(ঞ) বায়ুমান ব্যবস্থাপনা বিষয়ে বৈশ্বিক পরিমণ্ডলে অংশগ্রহণ এবং সহযোগিতা;

(ট) বায়ুমান ব্যবস্থাপনার জন্য টেকসই আর্থিক ব্যবস্থাদি; এবং

(ঠ) বায়ুমানের উন্নয়ন এবং কার্যকরভাবে দূষণরোধ ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় বিষয়াদি।

৫। **ডিগ্রেডেড এয়ার শেড (Degraded Air Shed) ঘোষণা ও ব্যবস্থাপনা।**—(১) কোনো এলাকার পরিবেষ্টক বায়ুর মানমাত্রা তফসিল ১ এর অধীন নির্ধারিত মানমাত্রা অতিক্রান্তের কারণে উক্ত এলাকাটি মারাত্মক বায়ুদূষণযুক্ত এলাকায় পরিণত হইলে, মহাপরিচালক উক্ত এলাকাটিকে ডিগ্রেডেড এয়ার শেড হিসাবে ঘোষণা করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন ডিগ্রেডেড এয়ার শেড ঘোষণার ক্ষেত্রে বিরল প্রাকৃতিক, ঐতিহাসিক, সাংস্কৃতিকভাবে তাৎপর্যপূর্ণ এইরূপ এলাকা অধিক গুরুত্বের সহিত বিবেচনা করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন কোনো এলাকাকে ডিগ্রেডেড এয়ার শেড হিসাবে ঘোষণা করা হইলে মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করিবেন, যথা:—

(ক) সংশ্লিষ্ট অংশীজনের সহিত পরামর্শক্রমে উক্ত ডিগ্রেডেড এয়ার শেডের জন্য একটি সময়ভিত্তিক বায়ুমান উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়ন;

(খ) উক্ত ডিগ্রেডেড এয়ার শেডে অবস্থিত বায়ুদূষণকারী শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প বা অন্য কোনো বায়ুদূষণের উৎসকে বিশেষ প্রতিরোধমূলক ব্যবস্থাদি গ্রহণের নির্দেশনা প্রদান;

(গ) উক্ত ডিগ্রেডেড এয়ার শেডে নূতন শিল্পপ্রতিষ্ঠান, প্রকল্প বা বায়ুদূষণ সৃষ্টিকারী সুনির্দিষ্ট বা চলমান উৎস স্থাপন বা চলাচলের ক্ষেত্রে প্রয়োজনীয় নিয়ন্ত্রণ আরোপ; এবং

(ঘ) উক্ত ডিগ্রেডেড এয়ার শেডে বিদ্যমান শিল্পপ্রতিষ্ঠান, প্রকল্প বা বায়ুদূষণ সৃষ্টিকারী সুনির্দিষ্ট বা চলমান উৎস স্থানান্তর বা চলাচল বন্ধের নির্দেশনা প্রদান।

(৪) উপ-বিধি (১) এর অধীন ঘোষিত কোনো ডিগ্রেডেড এয়ার শেডে বায়ুমান পর পর ২ (দুই) বৎসর পরিবেষ্টক বায়ুর মানমাত্রার সহিত সামঞ্জস্যপূর্ণ হইলে উক্ত ঘোষণা প্রত্যাহার করা যাইবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন কোনো ডিগ্রেডেড এয়ার শেড ঘোষণা প্রত্যাহার করা হইলে উক্ত ডিগ্রেডেড এয়ার শেডের জন্য গৃহীত পরিকল্পনাটিও বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। **বায়ুদূষণকারী কর্মকাণ্ডের তালিকা এবং ব্যবস্থাপনা।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা পরিবেশ, স্বাস্থ্য, সামাজিক, অর্থনৈতিক এবং প্রতিবেশগত বা সাংস্কৃতিক ঐতিহ্যের জন্য ক্ষতিকর বায়ুদূষণকারী শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের কর্মকাণ্ড এবং কর্মকাণ্ডের মাধ্যমে সৃষ্ট বায়ুদূষণের তালিকা প্রকাশ করিতে পারিবেন ।

(২) উপ-বিধি (১) এর অধীন তালিকা প্রকাশের পর মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা সংশ্লিষ্ট শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পকে বায়ুদূষণ রোধে সুনির্দিষ্ট ব্যবস্থাদি সম্বলিত একটি পরিকল্পনা দাখিল করিবার জন্য নির্দেশ প্রদান করিবেন।

(৩) মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত পরিকল্পনা যাচাই-বাছাইপূর্বক উহাতে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংযোজন বা বিয়োজন করিয়া অনুমোদন করিবেন এবং সংশ্লিষ্ট শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পকে উহা যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশ প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (১) এর অধীন তালিকাভুক্ত কর্মকাণ্ডসমূহ নিয়ন্ত্রণের ক্ষেত্রে মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা উপ-বিধি (৩) এর অধীন অনুমোদিত পরিকল্পনায় উল্লিখিত ব্যবস্থাদি ব্যতিরেকেও প্রয়োজনীয় নিষেধাজ্ঞা আরোপ করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৩) এর অধীন অনুমোদিত পরিকল্পনা সংশ্লিষ্ট শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প যথাযথভাবে প্রতিপালন করিলে এবং দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থাদি কার্যকর হইলে বায়ুদূষণকারী কর্মকাণ্ডের তালিকা হইতে উক্ত শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের কর্মকাণ্ড বিয়োজন করিয়া তালিকাটি সংশোধন করা যাইবে।

৭। **বায়ুদূষণ প্রতিরোধ পরিকল্পনা।**—(১) মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বায়ুদূষণকারী কোনো দ্রব্য বা বস্তুকে সার্বিকভাবে বা কোনো নির্দিষ্ট এলাকার জন্য প্রধান বায়ুদূষক হিসাবে ঘোষণা করিয়া সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উক্ত বায়ুদূষকের বিষয়ে সময়ভিত্তিক দূষণ প্রতিরোধ পরিকল্পনা দাখিলের নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(২) মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত দূষণ প্রতিরোধ পরিকল্পনা যাচাই-বাছাইপূর্বক উহাতে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংযোজন বা বিয়োজন করিয়া অনুমোদন করিবেন এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উহা যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন অনুমোদিত বায়ুদূষণ প্রতিরোধ পরিকল্পনা সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বাস্তবায়ন করিবে এবং বাস্তবায়ন অগ্রগতি ৩ (তিন) মাস অন্তর মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করিবে।

৮। **শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের বায়ুদূষণ নিয়ন্ত্রণ।**—(১) যদি কোনো শিল্পপ্রতিষ্ঠান, প্রকল্প বা ব্যবসা প্রতিষ্ঠানে কোনো দ্রব্য পোড়ানো, শিল্প বা প্রকল্প পরিচালনা অথবা জ্বালানি দহনের কারণে এইরূপ বায়বীয় নিঃসরণের সৃষ্টি হয় বা উদ্ভব হয় বা হইবার সম্ভাবনা থাকে যাহা তফসিল ৫ এ উল্লিখিত বায়বীয় নিঃসরণের মানমাত্রাকে অতিক্রম করে বা অতিক্রম করিবার সম্ভাবনা থাকে তাহা হইলে উক্ত শিল্প, প্রকল্প বা ব্যবসা প্রতিষ্ঠানের মালিক, দখলদার বা দায়িত্বে নিয়োজিত ব্যক্তিকে বায়ুদূষণ নিয়ন্ত্রণের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা:—

(ক) নিম্নবর্ণিত সর্বোত্তম বাস্তবসম্মত উপায় (Best Practicable Means) অবলম্বন করিয়া ক্ষতিকর বায়ুদূষকের নিঃসরণ প্রতিরোধ করিতে হইবে, যথা:—

(অ) প্ল্যান্টের যথাযথ আকার ও নকশা অনুযায়ী নির্মাণ ও পরিচালনা করা;

(আ) উপযুক্ত কাঁচামাল বা জ্বালানির ব্যবহার;

(ই) প্রযোজ্য ক্ষেত্রে, মিস্ট এলিমিনেটর (Mist Eliminator), ডাস্ট এরেস্টর (Dust Arrestor), গ্যাস এ্যাবজরবার (Gas Absorber) এবং নিয়ন্ত্রণমূলক যন্ত্রপাতিসমূহের যথাযথ ব্যবহার;

(ঈ) বিকল্প উৎপাদন প্রক্রিয়া প্রচলন;

(উ) বিকল্প পরিচালন প্রক্রিয়া বা পদ্ধতি প্রচলন;

(ঊ) পরিচালন কার্যক্রমের যথাযথ ও পর্যাপ্ত তথ্য; এবং

(ঋ) প্ল্যান্টের নিয়মিত এবং কার্যকর রক্ষণাবেক্ষণ;

(খ) মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা কর্তৃক অনুমোদিত বিনির্দেশ (Specification) অনুসারে বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা (Air Pollution Control System) বাস্তবায়ন করিতে হইবে;

(গ) অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সহিত স্বতন্ত্রভাবে বায়ুদূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থার প্ল্যান, ডিজাইন, যন্ত্রপাতির বিস্তারিত বিবরণসহ সংশ্লিষ্ট কাগজপত্র দাখিল করিতে হইবে;

(ঘ) মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা কর্তৃক বায়ুদূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থার সংস্কার, পরিবর্তন, প্রতিস্থাপন অথবা অতিরিক্ত যন্ত্রপাতি স্থাপনের জন্য প্রদত্ত নির্দেশনা প্রতিপালন করিতে হইবে;

(ঙ) সঠিক ইঞ্জিনিয়ারিং চর্চার (Sound Engineering Practice) মাধ্যমে বায়ুদূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখিয়া উহার সঠিক রক্ষণাবেক্ষণ করিতে হইবে এবং উক্ত ব্যবস্থা যথাযথভাবে কার্যকর রহিয়াছে কিনা উহা নিশ্চিত করিবে;

(চ) বায়ুদূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা সার্বক্ষণিক কার্যকরভাবে চালু ও রক্ষণাবেক্ষণের জন্য উপযুক্ত যোগ্যতাসম্পন্ন জনবল নিয়োগ করিতে হইবে এবং জনবল কাঠামো ও তাহাদের যোগ্যতার বিষয়ে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের সময় অনুমোদন গ্রহণ করিতে হইবে; এবং

(ছ) বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতা পরিবীক্ষণের (Performance Monitoring) জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ব্যবস্থা করিতে হইবে এবং উহার বিভিন্ন অংশের কার্যকারিতা নিয়মিত পরিবীক্ষণ করিতে হইবে।

(২) শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের বায়বীয় নিঃসরণ মাত্রা তফসিল ৫ এর অধীন নির্ধারিত মানমাত্রা অতিক্রম করিতে পারিবে না।

(৩) শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প নিজ খরচে বায়বীয় নিঃসরণের গুণগতমান মহাপরিচালক কর্তৃক অনুমোদিত গবেষণাগারে পর্যায়বৃত্তভাবে পরিবীক্ষণ (Periodically Monitoring) করিবে এবং পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তানুসারে নির্দিষ্ট সময় অন্তর নিঃসৃত বায়বীয় নিঃসরণ পরীক্ষার ফলাফল অধিদপ্তরে দাখিল করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন দাখিলকৃত ফলাফল উক্ত শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প যথাযথভাবে সংরক্ষণ করিবে এবং অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনের সময় উহা প্রদর্শন করিবে।

(৫) পরিবেশের সংবেদনশীলতা বিবেচনায় সমীচীন প্রতীয়মান হইলে অধিদপ্তর সার্বক্ষণিক নিঃসরণ পরিবীক্ষণের (Continuous Emission Monitoring) জন্য শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পসহ উহার উদ্যোক্তাকে নির্দেশনা প্রদান করিতে পারিবে এবং নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পসহ উহার উদ্যোক্তা সার্বক্ষণিক নিঃসরণ পরিবীক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে এবং অধিদপ্তরের কেন্দ্রীয় বায়ুমান মনিটরিং সার্ভারের সহিত উহা সংযুক্ত থাকিবে।

৯। **যানবাহন সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণ।**—(১) যানবাহন পরিচালনা ও নিয়ন্ত্রণকারী ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠানসমূহ এই বিধিমালায় নির্ধারিত মানমাত্রা এবং জাতীয় বায়ুমান ব্যবস্থাপনা পরিকল্পনায় সুপারিশকৃত কর্মপদ্ধতিসমূহ মানিয়া চলিবে।

(২) এই বিধিমালায় নির্ধারিত মানমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তর দূষণ সৃষ্টিকারী যানবাহনের ব্যবহার নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ এবং পরিবেশবান্ধব যানবাহন প্রচলনের জন্য বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) বা অনুরূপ সংস্থাকে পরামর্শ বা সুপারিশ প্রদান করিতে পারিবে এবং উক্ত পরামর্শ বা সুপারিশের ভিত্তিতে বিআরটিএ বা অনুরূপ সংস্থা যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৩) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ বা বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন অথবা যানবাহনের লাইসেন্স প্রদানকারী বা অনুমোদনকারী অন্য কোনো কর্তৃপক্ষ লাইসেন্স বা অনুমোদন প্রদান অথবা নবায়নকালে নিজস্ব ব্যবস্থাপনায় অথবা সরকারের অনুমোদিত প্রতিষ্ঠানের মাধমে যানবাহনের নিঃসরণ মাত্রা পরিমাপ করিবে এবং উহা এই বিধিমালার তফসিল ২ বা তফসিল ৩ এ নির্ধারিত মাত্রার মধ্যে থাকার বিষয়টি নিশ্চিত করিবে।

১০। **স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও নির্মাণকার্য নিয়ন্ত্রণকারী সংস্থার ভূমিকা।**—(১) স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও নির্মাণকার্য নিয়ন্ত্রণকারী সংস্থা তফসিল ৬ এ নির্ধারিত মানমাত্রা, নিয়ন্ত্রণ পদ্ধতি এবং জাতীয় বায়ুমান ব্যবস্থাপনা পরিকল্পনায় নির্ধারিত কর্মপদ্ধতিসমূহ অনুসরণ করিবে।

(২) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে উহাদের আওতাধীন এলাকায় বায়ুমান ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের পূর্ণ দায়িত্ব পালনে সক্ষম করিয়া তুলিতে অধিদপ্তর নিরবচ্ছিন্নভাবে কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ সহায়তা প্রদান করিতে পারিবে।

(৩) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অধীনে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণে এই বিধিমালার তফসিলসমূহে বর্ণিত মানমাত্রা, নির্দেশনা, বিধি-নিষেধ প্রতিপালন ও প্রয়োগের মাধ্যমে উহাদের আওতাধীন এলাকায় বায়ুমান ব্যবস্থাপনা করিবে।

(৪) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অধীনে পরিচালিত কোনো অবকাঠামো নির্মাণ, পুনঃনির্মাণ, সংস্কার ও মেরামত কার্যক্রম পরিচালনার সময় পরিবেশ রক্ষায় তফসিল ৬ এ নির্ধারিত মানমাত্রা মানিয়া চলিবে।

(৫) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ তফসিল ৬ এ নির্ধারিত মানমাত্রা অনুযায়ী মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে দূষণকারী চুল্লীর ব্যবহার হ্রাস করিবে এবং পরিবেশ বান্ধব চুল্লীর প্রতিস্থাপন নিশ্চিত করিবে।

(৬) ভবন নির্মাণ নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ এই বিধিমালায় নির্ধারিত মানমাত্রা প্রতিপালনপূর্বক ধূলা-বালি ছড়াইয়া পড়া প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করিবে এবং নির্মাণ কার্যাবলি কার্যকরভাবে পর্যবেক্ষণ করিবে।

(৭) পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী অবকাঠামো নির্মাণ সংশ্লিষ্ট প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র গ্রহণের সময় ধূলা-বালি প্রতিরোধ ও নিয়ন্ত্রণের পরিকল্পনা উহাতে অন্তর্ভুক্ত করাইতে হইবে এবং উহার বাস্তবায়ন নিশ্চিত করিতে হইবে।

(৮) সড়কের পাশের অনাবৃত স্থান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কংক্রিট কার্পেটিং অথবা ঘাস লাগিয়ে আবৃত রাখিতে হইবে।

(৯) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ উহাদের আওতাধীন এলাকায় বৃক্ষ রোপন ও বনায়ন কর্মসূচি গ্রহণ করিবে এবং উক্ত বিষয়ে বাধ্যতামূলক পরিকল্পনা ও লক্ষ্য নির্ধারণ করিবে।

(১০) ধূলা-বালির দূষণরোধে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ সবুজায়নের মাধ্যমে শহর এলাকায় ধূলা-বালি সৃষ্টি করিতে পারে এইরূপ অনাচ্ছাদিত এলাকার পরিমাণ হ্রাস করিবে এবং মাথাপিছু সবুজায়নের পরিমাণ বৃদ্ধি করিবে।

(১১) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ শহর এলাকার সকল ভবনের ছাদ এবং ফাঁকা জায়গায় সবুজায়ন নিশ্চিত করিবে এবং উক্ত বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

১১। **নির্মাণ, সংস্কার ও মেরামত কার্যক্রম পরিচালনাকারী সংস্থা, প্রতিষ্ঠান বা ব্যক্তির কার্যাবলি।**—রাস্তা, ড্রেন, ভবন ও অন্যান্য অবকাঠামো নির্মাণ, পুনঃনির্মাণ, মেরামত বা সংস্কার কার্য পরিচালনার সময় সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বায়ুদূষণ নিয়ন্ত্রণে নিম্নবর্ণিত ব্যবস্থাদি গ্রহণ করিবে, যথা:—

(ক) নির্মাণ স্থলে যথাযথ অস্থায়ী ছাউনি বা বেষ্টনী স্থাপনসহ নির্মাণাধীন ভবন আচ্ছাদিত রাখা;

(খ) সকল প্রকার নির্মাণ সামগ্রী (মাটি, বালি, রড, সিমেন্ট, ইত্যাদি) আবৃত বা ঢাকিয়া রাখা;

(গ) নির্মাণ সামগ্রী (মাটি, বালি, সিমেন্ট, ইট, ময়লা-আবর্জনা, ইত্যাদি) পরিবহণে ব্যবহৃত ট্রাক, ভ্যান বা লরি আবৃত বা সম্পূর্ণরূপে ঢাকিয়া পরিবহণের ব্যবস্থা করা;

(ঘ) মাটি, বালি, সিমেন্ট, ইট, ময়লা-আবর্জনা, ইত্যাদি পরিবহণ ও নির্মাণ কাজে ব্যবহৃত ট্রাক, ভ্যান বা লরির চাকার কাদা-মাটি বা ময়লা-আবর্জনা সম্পূর্ণরূপে পরিষ্কার করিয়া রাস্তায় চলাচলের ব্যবস্থা করা;

(ঙ) নির্মাণ সামগ্রী (মাটি, বালি, সিমেন্ট, ইত্যাদি) রাস্তায়, ফুটপাতে বা যত্রতত্র ফেলিয়া রাখা যাইবে না এবং নির্মাণ কাজে সৃষ্ট বর্জ্য খোলা অবস্থায় সংরক্ষণ বা পোড়ানো যাইবে না;

(চ) নির্মাণ, পুনঃনির্মাণ বা মেরামত স্থলের আশেপাশে দিনে অন্তত ২ (দুই) বার পানি বা ধূলাবালি নিয়ন্ত্রণকারী কেমিক্যাল ছিটানো।

১২। **বর্জ্য হইতে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণ।**—বর্জ্য হইতে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সংস্থা, প্রতিষ্ঠান বা ব্যক্তি বায়ুদূষণ নিয়ন্ত্রণে নিম্নবর্ণিত ব্যবস্থাদি গ্রহণ করিবে, যথা:—

(ক) বর্জ্য বা উহার কোনো অংশ যত্রতত্র খোলা অবস্থায় সংরক্ষণ বা পোড়ানো যাইবে না;

(খ) রাস্তা, সড়ক বা মহাসড়কের পাশে কোনো বর্জ্য খোলা অবস্থায় সংরক্ষণ ও পোড়ানো যাইবে না;

(গ) নালা, নর্দমা বা ড্রেনের বর্জ্য উত্তোলন করিয়া রাস্তার পাশে স্তুপ আকারে জমা করা যাইবে না;

(ঘ) গৃহস্থালী বর্জ্য কোনো অবস্থায় বাড়ির সামনে বা উহার সম্মুখস্থ রাস্তার পাশে খোলা অবস্থায় সংরক্ষণ বা পোড়ানো যাইবে না;

(ঙ) বায়ুদূষণ রোধে বাড়িতে বসবাসকারী বাসিন্দা বা বাসিন্দাগণ নিজ দায়িত্বে বাড়ির আশেপাশের বর্জ্য পরিষ্কার করিবেন; এবং

(চ) বিভিন্ন মার্কেট, শপিংমল বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে সৃষ্ট বর্জ্য রাস্তায় বা রাস্তার পাশে ফেলা, স্তূপ আকারে জমা করিয়া রাখা বা পোড়ানো যাইবে না।

১৩। **বায়ুমান পরিবীক্ষণ ও সতর্কীকরণ।**—(১) অধিদপ্তর সারাদেশের বায়ুমানের অবস্থা পর্যবেক্ষণের লক্ষ্যে দেশব্যাপী উপযুক্ত স্থানে পর্যাপ্ত সংখ্যক সার্বক্ষণিক বায়ুমান পরিবীক্ষণ কেন্দ্র (Continuous Air Quality Monitoring Station) স্থাপন ও পরিচালনা করিবে।

(২) অধিদপ্তর আন্তঃদেশীয় বায়ুমান পরিবীক্ষণের জন্য উপযুক্ত স্থানে আন্তঃদেশীয় বায়ুমান পরিবীক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালনা করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) বা (২) এর অধীন স্থাপিত সকল বায়ুমান পরিবীক্ষণ কেন্দ্র অধিদপ্তরের কেন্দ্রীয় সার্ভারের সহিত Real Time Automation ব্যবস্থায় যুক্ত থাকিবে এবং কেন্দ্রসমূহ হইতে প্রেরিত তথ্য ও উপাত্ত সংরক্ষিত হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন সংরক্ষিত তথ্য ও উপাত্তসমূহ বিশ্লেষণের মাধ্যমে অধিদপ্তর প্রতিদিনের Air Quality Index (AQI) প্রস্তুত করিয়া অধিদপ্তরের ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে প্রকাশ করিবে।

(৫) উপ-বিধি (৪) এ উল্লিখিত AQI এর মাত্রা ক্রমাগত বৃদ্ধি পাইয়া স্বাস্থ্যগত বিবেচনায় অত্যন্ত ক্ষতিকর পর্যায়ে উপনীত হইলে অধিদপ্তর উপযুক্ত মাধ্যমে জনগণকে সতর্কীকরণ বার্তা প্রদান করিবে এবং জনগণকে প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষামূলক ব্যবস্থাদি গ্রহণের জন্য পরামর্শ প্রদান করিবে।

১৪। **তথ্য ও উপাত্ত ব্যবস্থাপনা।**- (১) অধিদপ্তর বায়ুমান সম্পর্কিত সকল তথ্য ও উপাত্তের কেন্দ্রীয় ভান্ডার হিসাবে কাজ করিবে এবং এতদুদ্দেশ্যে উপাত্ত সংরক্ষণ, উদ্ধার এবং আদান-প্রদানের জন্য একটি তথ্য নেটওয়ার্ক পরিচালনা করিবে।

(২) অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত, সংরক্ষিত ও প্রকাশিত AQI, সংশ্লিষ্ট রিপোর্ট, সতর্কবার্তা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয়ে সর্বসাধারণের অভিগম্যতা থাকিবে, তবে মূল তথ্য ও উপাত্ত কোনো সংস্থা বা ব্যক্তি পর্যায়ে সরবরাহের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে ফি প্রদান করিতে হইবে, যথা:-

(অ) সরকারি সংস্থার জন্য ৭ (সাত) হাজার টাকা; এবং

(আ) অন্যান্য সংস্থার জন্য ১২ (বার) হাজার টাকা:

তবে শর্ত থাকে যে, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও পরিবেশ সংক্রান্ত গবেষণা কার্যক্রমে জড়িত প্রতিষ্ঠানসমূহের ছাত্র- ছাত্রী, শিক্ষক, শিক্ষিকাসহ গবেষকগণের ব্যবহারের জন্য সংস্থা প্রধান, শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান বা বিভাগীয় প্রধানের লিখিত অনুরোধপত্র ও সুপারিশের ভিত্তিতে মহাপরিচালকের অনুমোদনক্রমে বিনামূল্যে বায়ুমানের তথ্য ও উপাত্ত প্রদান করা যাইবে।

১৫। **বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটি।**—(১) বায়ুদূষণ নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা, প্রতিষ্ঠান বা ব্যক্তিকে প্রয়োজনীয় পরামর্শ, নির্দেশনা ও সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি জাতীয় কমিটি গঠিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সভাপতি; |
| (খ) | সিনিয়র সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য; |
| (গ) | সিনিয়র সচিব/সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য; |
| (ঘ) | সিনিয়র সচিব/সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ | সদস্য; |
| (ঙ) | সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য; |
| (চ) | সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য; |
| (ছ) | সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য; |
| (জ) | সিনিয়র সচিব/সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য; |
| (ঝ) | সিনিয়র সচিব/সচিব, বিদ্যুৎ বিভাগ | সদস্য; |
| (ঞ) | সিনিয়র সচিব/সচিব, সেতু বিভাগ | সদস্য; |
| (ট) | সিনিয়র সচিব/সচিব, নৌ পরিবহণ মন্ত্রণালয় | সদস্য; |
| (ঠ) | সিনিয়র সচিব/সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য; |
| (ড) | সিনিয়র সচিব/সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য; |
| (ঢ) | সিনিয়র সচিব/সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য; |
| (ণ) | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য; |
| (ত) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য; |
| (থ) | চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ | সদস্য; |
| (দ) | চেয়ারম্যান, অভ্যন্তরীণ নৌ পরিবহণ কর্তৃপক্ষ | সদস্য; |
| (ধ) | চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন | সদস্য; |
| (ন) | চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য; |
| (প) | চেয়ারম্যান, বাংলাদেশ পারমানবিক শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য; |
| (ফ) | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (BSTI) | সদস্য; |
| (ব) | চেয়ারম্যান, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন (BCIC) | সদস্য; |
| (ভ) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য; |
| (ম) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য; |
| (য) | চেয়ারম্যান, পুরকৌশল/কেমিকৌশল বিভাগ, বুয়েট | সদস্য; এবং |
| (র) | অতিরিক্ত সচিব (দূষণ নিয়ন্ত্রণ/পরিবেশ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

(২) উপ-বিধি (১) এর অধীন গঠিত জাতীয় কমিটি নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথা:—

(ক) বায়ুদূষণ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারকে পরামর্শ প্রদান;

(খ) বায়ুদূষণ নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় সাধন;

(গ) এই বিধিমালার অধীন বায়ুদূষণ নিয়ন্ত্রণে নির্ধারিত মানমাত্রা অর্জন ও বায়ুদূষণ নিয়ন্ত্রণে সুনির্দিষ্ট করণীয় নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা, প্রতিষ্ঠান বা ব্যক্তিকে বাস্তবায়নের নির্দেশ প্রদান;

(ঘ) এই বিধিমালায় উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে সুনির্দিষ্ট করণীয় নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা, প্রতিষ্ঠান বা ব্যক্তিকে উহা বাস্তবায়নের নির্দেশ প্রদান;

(ঙ) কোনো শহর, অঞ্চল বা নির্দিষ্ট স্থানের বায়ুদূষণের মাত্রা অত্যন্ত অস্বাস্থ্যকর (Extremely Unhealthy) পর্যায়ে উপনীত হইলে উক্ত শহর, অঞ্চল বা স্থানে অবস্থিত শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প, যানবাহন বা বায়ুদূষণ সৃষ্টিকারী যে কোনো উৎসের চলাচল বা কার্যক্রমের উপর বিধি-নিষিধ আরোপ বা সীমিত করিবার নির্দেশনা প্রদান;

(চ) শহর, অঞ্চল বা নির্দিষ্ট স্থানের বায়ুদূষণের মাত্রা অত্যন্ত অস্বাস্থ্যকর পর্যায়ে উপনীত হইলে উক্ত শহর, অঞ্চল বা স্থানে অবস্থিত স্কুল, কলেজ বা শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখা বা জনসাধারণের বাহিরে চলাচলের উপর সতর্কতা বা বিধি-নিষেধ আরোপের বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান; এবং

(ছ) প্রযোজ্য ক্ষেত্রে, বায়ুদূষণ সম্পর্কিত যে কোনো বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ, পরামর্শ বা নির্দেশনা প্রদান।

(৩) উপ-বিধি (১) এর অধীন গঠিত জাতীয় কমিটি উহার কার্যাবলি সম্পাদনে সহায়তার জন্য প্রয়োজনে উক্ত কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সমন্বয়ে উপ-কমিটি গঠন করিতে পারিবে এবং উক্ত উপ-কমিটির মতামত গ্রহণ করিতে পারিবে।

(৪) উপ-বিধি (১) এর অধীন গঠিত জাতীয় কমিটি বৎসরে অন্যূন ২ (দুই) টি সভা করিবে:

তবে শর্ত থাকে যে, সভাপতি প্রয়োজনে যে কোনো সময় জাতীয় কমিটির সভা আহ্বান করিতে পারিবেন।

১৬। **পুরস্কার।**—সরকার বায়ুদূষণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং বায়ুর গুণগত মান রক্ষা ও উন্নয়নে অসামান্য অবদানের জন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করিতে পারিবে।

১৭। **দণ্ড।**—কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই বিধিমালার বিধি ৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) ও (ঘ), বিধি ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২ বা ১৫ এর উপ-বিধি (২) এর দফা (ঙ) এর বিধান লঙ্ঘন করিলে উক্ত কার্য হইবে একটি অপরাধ এবং উক্ত অপরাধের জন্য আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর বিধান অনুসারে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

## তফসিল ১

## পরিবেষ্টক বায়ুর মানমাত্রা (Ambient Air Quality Standards)

[বিধি ৩ এর উপ-বিধি (১) এবং বিধি ৫ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

| বায়ুদূষক | মানমাত্রা | গড় সময় |
|---|---|---|
| কার্বন মনোঅক্সাইড (CO) | ০৫ মিলিগ্রাম/ঘনমিটার[ক] | ৮ ঘণ্টা |
| | ২০ মিলিগ্রাম/ঘনমিটার[ক] | ১ ঘণ্টা |
| লেড (Pb) | ০.২৫ মাইক্রোগ্রাম/ঘনমিটার[খ] | বার্ষিক |
| | ০.৫০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ২৪ ঘণ্টা |
| নাইট্রোজেন ডাইঅক্সাইড ($NO_2$) | ৪০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[খ] | বার্ষিক |
| | ৮০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ২৪ ঘণ্টা |
| বস্তুকণা$_{১০}$($PM_{10}$) | ৫০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[খ] | বার্ষিক |
| | ১৫০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ২৪ ঘণ্টা |
| বস্তুকণা$_{২.৫}$($PM_{2.5}$) | ৩৫ মাইক্রোগ্রাম/ঘনমিটার[খ] | বার্ষিক |
| | ৬৫ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ২৪ ঘণ্টা |
| ওজোন ($O_3$) | ১৮০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ১ ঘণ্টা |
| | ১০০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ৮ ঘণ্টা |
| সালফার ডাইঅক্সাইড ($SO_2$) | ২৫০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ১ ঘণ্টা |
| | ৮০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ২৪ ঘণ্টা |
| অ্যামোনিয়া ($NH_3$) | ১০০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[খ] | বার্ষিক |
| | ৪০০ মাইক্রোগ্রাম/ঘনমিটার[ক] | ২৪ ঘণ্টা |

**নোট:** * এই তফসিলে বায়ু মানমাত্রা বলিতে পরিবেষ্টক বায়ুর মানমাত্রা (Ambient Air Quality Standards)-কে বুঝাইবে।

(ক) গড়মান বৎসরে একবারের অধিক অতিক্রম করিবে না।

(খ) লক্ষ্যমাত্রা অর্জিত হইবে যখন বার্ষিক গড়মান নির্ধারিত মানমাত্রার মধ্যে থাকিবে ।

## তফসিল ২
## মোটরযানের নিঃসরণ মানমাত্রা

[বিধি ৩ এর উপ-বিধি (২) এবং বিধি ৯ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

**১। নূতন মোটরযান**

(ক) যাত্রীবাহী মোটরগাড়ি এবং হালকা বাণিজ্যিক মোটরযান (Passenger Car and Light Commercial Vehicle)

| **মোটরযানের ধরন** | **শ্রেণি** | **অভিসম্বন্ধ ভর (Reference Mass RW) (কিলোগ্রাম)** | **নিঃসরণ মানমাত্রা ( গ্রাম/কি.মি.) (জ্বালানি অনুযায়ী)** | | | | | **পরীক্ষণ পদ্ধতি** |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | **কার্বন মনোক্সাইড** | | **হাইড্রোকার্বন+ নাইট্রোজেনের অক্সাইডসমূহ** | | **বস্তুকণা** | |
| | | | **পেট্রোল** | **ডিজেল** | **পেট্রোল** | **ডিজেল** | **ডিজেল** | |
| যাত্রীবাহী মটরগাড়ি[1] | M | সকল | ২.২ | ১.০ | ০.৫ | ০.৭ | ০.০৮ | ৭০/২২০/ইইসি (সংশোধিত ৯৪/১২ইসি এবং৯৬/ ৬৯/ইসি) |
| হালকা বাণিজ্যিক মোটরযান[2] | N1-I | RW≤১২৫০ | ২.২ | ১.০ | ০.৫ | ০.৭ | ০.০৮ | |
| | N1-II | ১২৫০<RW ≤১৭০০ | ৪.০ | ১.২৫ | ০.৬ | ১.০ | ০.১২ | |
| | N1-III | ১৭০০<RW | ৫.০ | ১.৫ | ০.৭ | ১.২ | ০.১৭ | |

[1]মোটরযানের সর্বোচ্চ মোট ওজন [Gross Vehicle Weight (GVW)] ২৫০০ কিলোগ্রাম।

[2]যাত্রীবাহী মোটরযানের মোট ওজন ২৫০০<GVW≤ ৩৫০০কিলোগ্রাম হইলে N1 শ্রেণির নিঃসরণ মানমাত্রা প্রযোজ্য হইবে।

(খ) ভারী মোটরযান (Heavy Duty Vehicle)*

| **ইঞ্জিনের ধরন** | **নিঃসরণ মানমাত্রা (গ্রাম/কি.ওয়াট ঘণ্টা)** | | | | **পরীক্ষণ পদ্ধতি** |
|---|---|---|---|---|---|
| | **কার্বন মনোক্সাইড** | **হাইড্রোকার্বন** | **নাইট্রোজেনের অক্সাইডসমূহ** | **বস্তুকণা** | |
| কম্প্রেশন-ইগ্নিশন (Compression Ignition) | ৪.০ | ১.১০ | ৭.০ | ০.১৫ | ৮৮/৭৭/ইইসি (সংশোধিত ৯১/৫৪২/ইইসি) |

*মোটরযানের মোট ওজন (Gross Vehicle Weight) ৩৫০০ কিলোগ্রামের বেশি।

(গ) মোটর সাইকেল এবং তিন চাকার অটোরিকশা

| **মোটরযানের ধরন** | **নিঃসরণ মানমাত্রা (গ্রাম/কি.মি.)** | | | **পরীক্ষণ পদ্ধতি** |
|---|---|---|---|---|
| | **কার্বন মনোক্সাইড** | **হাইড্রোকার্বন** | **নাইট্রোজেনের অক্সাইডসমূহ** | |
| **মোটর সাইকেল** | | | | |
| ≤ ১৫০সিসি | ২.০ | ০.৮ | ০.১৫ | ইসিই আর ৪০ |
| >১৫০সিসি | ২.০ | ০.৩ | ০.১৫ | |
| তিন চাকার অটোরিকশা | ২.০ | ০.৫৫ | ০.২৫ | |

**শব্দ সংক্ষেপ:**

কি.মি.:কিলোমিটার

ইসি: ইউরোপিয়ান কমিশন

ইইসি: ইউরোপিয়ান ইকোনমিক কমিউনিটি

**পরিমাপ পদ্ধতি:** মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে বায়বীয় নিঃসণের নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করা যাইবে।

২। **ব্যবহৃত মোটরযান (In-use Motor Vehicle)**

(ক) পেট্রোলচালিত মোটরযান [স্পার্ক ইগ্নিশন ইঞ্জিন (Spark Ignition Engine)]

| **মোটরযান রেজিস্ট্রেশনের তারিখ** | **কার্বন মনোক্সাইড (% আয়তন)** | **হাইড্রোকার্বন (পিপিএম)** | **পরীক্ষণ পদ্ধতি** |
|---|---|---|---|
| ১ সেপ্টেম্বর, ২০০৪ এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত | ৪.৫ | ১২০০ | আইডল স্পিড (Idle Speed) |
| ১ সেপ্টেম্বর, ২০০৪ হইতে ৩১ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে রেজিস্ট্রেশনকৃত | ১.০ | ১২০০ | |
| জানুয়ারি, ২০২০ হইতে রেজিস্ট্রেশনকৃত | ০.৫ | ১২০০ | |

(খ) ডিজেলচালিত মোটরযান (কম্প্রেশন ইগ্নিশন ইঞ্জিন)

| **মোটরযান রেজিস্ট্রেশনের তারিখ** | **নিঃসরণ মানমাত্রা এইচএসইউ (HSU)/ (মি.-১)** | | **পরীক্ষণ পদ্ধতি** |
|---|---|---|---|
| | **ন্যাচারালি অ্যাসপিরেটেড (Naturally Aspirated)** | **টার্বোচার্জড (Turbocharged)** | |
| ১ সেপ্টেম্বর, ২০০৪ এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত | ৬৫ (২.৫) | ৭২ (৩.০) | ফ্রি অ্যাক্সিলারেশন |
| ১ সেপ্টেম্বর, ২০০৪ হইতে ৩১ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে রেজিস্ট্রেশনকৃত | ৬৫ (২.৫) | ৭২ (৩.০) | |
| জানুয়ারি, ২০২০ হইতে রেজিস্ট্রেশনকৃত | ৬৫ (২.১) | ৬৫ (২.৫) | |

(গ) মোটরসাইকেল এবং তিন চাকার অটোরিকশা

| মোটরযান রেজিস্ট্রেশনের তারিখ | কার্বন মনোক্সাইড (% আয়তন) | হাইড্রোকার্বন (পিপিএম) | পরীক্ষণ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ সেপ্টেম্বর, ২০০৪ এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত | ৭.০ | ৩০০০ | আইডল স্পিড (Idle Speed) |
| ১ সেপ্টেম্বর, ২০০৪ হইতে ৩১ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে রেজিস্ট্রেশনকৃত | ৪.৫ | ১২০০ | |
| জানুয়ারি, ২০২০ হইতে রেজিস্ট্রেশনকৃত | ৩.৫ | ১২০০ | |

**শব্দ সংক্ষেপ:**

ইইসি: ইউরোপিয়ান ইকোনমিক কমিউনিটি

পিপিএম: পার্টস পার মিলিয়ন

এইচএসইউ: হার্টরিজ স্মোক ইউনিট (Hartridge Smoke Unite)

মি-১: মিটার-১

**৩। মোটরযানের রেজিস্ট্রেশন পরবর্তী নিঃসরণ পরীক্ষণের সংখ্যা**

| **মোটরযানের ধরন** | **রেজিস্ট্রেশন পরবর্তী প্রথম নিঃসরণ পরীক্ষণের জন্য গাড়ির বয়স** | **বৎসরে নিঃসরণ পরীক্ষণের সংখ্যা** |
|---|---|---|
| যাত্রিবাহী মোটরযান এবং হালকা বাণিজ্যিক মোটরযান | ৩ বৎসর | ১ |
| অন্যান্য মোটরযান | ১ বৎসর | ১ |

* এই তফসিলের মোটরযানের নিঃসরণ মানমাত্রা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত পরিমাপ পদ্ধতিতে নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করা যাইবে।

**তফসিল ৩**

**যান্ত্রিক নৌযানজনিত নিঃসরণ মানমাত্রা**

[বিধি ৩ এর উপ-বিধি (২) এবং বিধি ৯ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

| **স্থিতিমাপ** | **একক** | **মানমাত্রা** |
|---|---|---|
| কালো ধোঁয়া* | হার্টরিজ স্মোক ইউনিট (এইচ এস ইউ) | ৬৫ |

* সর্বোচ্চ ঘূর্ণনবেগের দুই-তৃতীয়াংশ বেগে পরিমাপকৃত

* এই তফসিলের মোটরযানের নিঃসরণ মানমাত্রা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত পরিমাপ পদ্ধতিতে নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করা যাইবে।

**তফসিল ৪**
**ঘ্রাণ মানমাত্রা**
[বিধি ৩ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | মানমাত্রা |
|---|---|---|---|
| ১। | অ্যাসিটালডিহাইড | পিপিএম | ০.৫-৫.০ |
| ২। | অ্যামোনিয়া | পিপিএম | ১-৫ |
| ৩। | হাইড্রোজেন সালফাইড | পিপিএম | ০.০২-০.২০ |
| ৪। | মিথাইল ডাই সালফাইড | পিপিএম | ০.০০৯-০.১০ |
| ৫। | মিথাইল মারক্যাপটান | পিপিএম | ০.০২-০.২০ |
| ৬। | মিথাইল সালফাইড | পিপিএম | ০.০১-০.২০ |
| ৭। | স্টাইরিন | পিপিএম | ০.৪-২.০ |
| ৮। | ট্রাইমিথাইলএমিন | পিপিএম | ০.০০৫-০.০৭ |

**শর্তাবলি:**
(১) কোনো নির্গমন/নিঃসরণ নল ৫ মিটারের অধিক উচ্চতাসম্পন্ন হইলে তাহাদের ক্ষেত্রে সাধারণভাবে যে নিয়ন্ত্রণ মান প্রয়োগ করা হইবে তাহা নিম্নরূপ, যথা:—
$Q=$০.১০৮ $xH_e^2C_m$ (যেখানে $Q=$গ্যাস নিঃসরণের হার $Nm^3$/ঘণ্টা)
$H_e=$নিঃসরণ নলের উচ্চতা
$C_m=$উপরিউক্ত বর্ণিত মানমাত্রা (পিপিএম)

* এই তফসিলের ঘ্রাণ মানমাত্রা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত পরিমাপ পদ্ধতিতে নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করা যাইবে।

**তফসিল ৫**

**শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের গ্যাসীয় নিঃসরণ মানমাত্রা**

[বিধি ৩ এর উপ-বিধি (২) এবং বিধি ৮ এর উপ-বিধি (১) ও (২) দ্রষ্টব্য]

**(১) তাপ বিদ্যুৎ কেন্দ্র**

**স্ট্যাক নিঃসরণ (Stack Emission):**

| **স্থিতিমাপ** | **একক** | **উপস্থিতির সর্বোচ্চ সীমা** |
|---|---|---|
| কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র | | |
| ১। বস্তুকণা (PM)<br>(ক) নূতন (২০২০ খ্রিষ্টাব্দের পর চালু)<br>(খ) বিদ্যমান (২০২০ খ্রিষ্টাব্দের পূর্বে চালু) | $mg/Nm^3$ | (ক) ৫০<br>(খ) ১০০ |
| ২। সালফার ডাইঅক্সাইড ($SO_2$)<br>(ক) নূতন (২০২০ খ্রিষ্টাব্দের পর চালু)<br>(খ) বিদ্যমান (২০২০ খ্রিষ্টাব্দের পূর্বে চালু) | $mg/Nm^3$ | (ক) ২০০<br>(খ) ৪০০ |
| ৩। নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$)<br>(ক) নূতন (২০২০ খ্রিষ্টাব্দের পর চালু)<br>(খ) বিদ্যমান (২০২০ খ্রিষ্টাব্দের পূর্বে চালু) | $mg/Nm^3$ | (ক) ২০০<br>(খ) ৪০০ |
| তৈলভিত্তিক বিদ্যুৎকেন্দ্র | | |
| ১। বস্তুকণা (PM)<br>(ক) নূতন (২০২০ খ্রিষ্টাব্দের পর চালু)<br>(খ) বিদ্যমান (২০২০ খ্রিষ্টাব্দের পূর্বে চালু) | $mg/Nm^3$ | (ক) ৫০<br>(খ) ৮০ |
| ২। সালফার ডাইঅক্সাইড ($SO_2$)<br>(ক) নূতন (২০২০ খ্রিষ্টাব্দের পর চালু)<br>(খ) বিদ্যমান (২০২০ খ্রিষ্টাব্দের পূর্বে চালু) | $mg/Nm^3$ | (ক) ২০০<br>(খ) ৪০০ |
| ৩। নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$)<br>(ক) নূতন (২০২০ খ্রিষ্টাব্দের পর চালু)<br>(খ) বিদ্যমান (২০২০ খ্রিষ্টাব্দের পূর্বে চালু) | $mg/Nm^3$ | (ক) ২০০<br>(খ) ৪০০ |

| স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|
| প্রাকৃতিক গ্যাসভিত্তিক বিদ্যুৎকেন্দ্র<br>১। নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$)<br>(ক) নূতন (২০২০ খ্রিষ্টাব্দের পর চালু)<br>(খ) বিদ্যমান (২০২০ খ্রিষ্টাব্দের পূর্বে চালু) | $mg/Nm^3$ | (ক) ২০০<br>(খ) ৪০০ |
| অন্যান্য গ্যাসীয় (Gaseous) জ্বালানিভিত্তিক (LPG, LNG ইত্যাদি) বিদ্যুৎকেন্দ্র<br>১। বস্তুকণা (PM)<br>২। সালফার ডাইঅক্সাইড ($SO_2$)<br>৩। নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$) | $mg/Nm^3$ | (ক) ৫০<br>(খ) ৪০০<br>(গ) ২০০ |

**বিদ্যুৎ কেন্দ্রের স্ট্যাকের সর্বনিম্ন উচ্চতা:**

(ক) ১০ মেগাওয়াট বা তাহার নিম্নে তৈল বা কয়লাভিত্তিক এবং ৫০ মেগাওয়াট বা তাহার নিম্নে গ্যাস বা তরল গ্যাসভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে নিম্নরূপ নিয়ন্ত্রণ মান প্রয়োগ করা হইবে, যথা:—

$H=14(Q)^{০.৩}$

H=স্ট্যাকের উচ্চতা (মিটারে); Q=নিঃসৃত $SO_2$-এর পরিমাণ কিলোগ্রাম/ঘণ্টা

(খ) ১০ মেগাওয়াটের অধিক তৈল বা কয়লাভিত্তিক এবং ৫০ মেগাওয়াটের অধিক গ্যাস বা তরল গ্যাসভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে নিম্নরূপ নিয়ন্ত্রণমান প্রয়োগ করা হইবে, যথা:—

(অ) পরিবেশগত সংবেদনশীল এলাকার [যথা-প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ECA), জাতীয় উদ্যান, বন্যপ্রাণী অভয়ারণ্য, সংরক্ষিত বনভূমি বা বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত অন্যান্য সংবেদনশীল এলাকা] সীমানা হইতে ১৫ কিলোমিটারের বাহিরে অবস্থিত বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে এয়ার ডিসপারশন মডেলিং (Air Dispersion Modeling) ব্যবহার করিয়া চিমনির বিভিন্ন উচ্চতার জন্য $SO_2$, NOx, $PM_{10}$ এবং $PM_{2.5}$-এর ভূমিপৃষ্ঠ হইতে সর্বোচ্চ মানমাত্রা (Maximum Ground Level Concentration) নির্ণয় করিতে হইবে। এইক্ষেত্রে USEPA Guideline on Air Quality Models (Appendix 'W' of 40CFR, Part-51) অনুসারে প্রকল্প এলাকা সংশ্লিষ্ট উপাত্ত (অন্যূন ৩ বৎসরের আবহাওয়া, ভূ-পৃষ্ঠের প্রকৃতি, নিকটবর্তী স্থাপনা ইত্যাদি) এবং প্রকল্প সংশ্লিষ্ট সূচকসমূহ (জ্বালানির গুণগত মান এবং FGD-এর কর্মদক্ষতা ইত্যাদি) ব্যবহার করিয়া USEPA কর্তৃক অনুমোদিত Air Dispersion Model দ্বারা উল্লিখিত স্থিতিমাপসমূহের (Parameters) দৈনিক ও বার্ষিক গড় নিরূপণ করিতে হইবে। প্রকল্প সংশ্লিষ্ট সূচকের বিরূপ পরিস্থিতি বিবেচনায় (Worst Case Scenario) সংশ্লিষ্ট চিমনির উচ্চতার জন্য মডেলিং হইতে প্রাপ্ত $SO_2$, NOx, $PM_{10}$ এবং $PM_{2.5}$-এর ভূমিপৃষ্ঠ হইতে সর্বোচ্চ মানমাত্রা এই বিধিমালায় নির্ধারিত বায়ুর মানমাত্রা অতিক্রম করিবে না, তাহাই হইবে চিমনির সর্বনিম্ন উচ্চতা:

তবে শর্ত থাকে যে, কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে এই পদ্ধতি হইতে প্রাপ্ত চিমনির উচ্চতা নিম্নবর্ণিত উচ্চতা হইতে কম হইবে না, যথা:—

| | |
|---|---|
| ৫০০ মেগাওয়াটের অধিক | ২২০ মিটার |
| ২০০-৫০০ মেগাওয়াট | ১৫০ মিটার |
| ২০০ মেগাওয়াটের নিম্নে | ১০০ মিটার |

(আ) পরিবেশগত সংবেদনশীল এলাকার [যথা-প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ECA), জাতীয় উদ্যান, বন্যপ্রাণী অভয়ারণ্য, সংরক্ষিত বনভূমি বা বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত অন্যান্য সংবেদনশীল এলাকা] সীমানা হইতে ১৫ কিলোমিটারের মধ্যে অবস্থিত বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে—

ক্রমিক নং (অ)-তে বর্ণিত Air Dispersion Modeling পদ্ধতিতে চিমনির উচ্চতা নিরূপণ ব্যতিরেকে ও USEPA অনুমোদিত Modeling Tolls প্রয়োগের মাধ্যমে সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র হইতে নির্গত পরিবেশ দূষণকারী কণাসমূহের দীর্ঘ পরিসীমায় বিক্ষেপণের ফলে এসিড বৃষ্টি (Acid Rain) তৈরির সম্ভাবনা নিরূপণ ও বিশ্লেষণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে এই পদ্ধতি হইতে প্রাপ্ত চিমনির উচ্চতা নিম্নবর্ণিত উচ্চতা হইতে কম হইবে না, যথা:

| | |
|---|---|
| ৫০০ মেগাওয়াটের অধিক | ২৭৫ মিটার |
| ২০০-৫০০ মেগাওয়াট | ২২০ মিটার |
| ২০০ মেগাওয়াটের নিম্নে | ১৫০ মিটার |

নোট: উভয় ক্ষেত্রে বায়ুদূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে সকল প্রকার কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য Flue Gas Desulphurization (FGD), Electro Static Precipitator (ESP) এবং Advanced Low NOx Burner প্রযুক্তির ব্যবহার বাধ্যতামূলক।

**(২) সিমেন্ট শিল্প:**

**(ক) স্ট্যাক নিঃসরণ (Stack Emissions)**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| ১। | বস্তুকণা (PM) (সিমেন্ট কিলন কো-প্রসেসিং সহ) | $mg/Nm^3$ | ৫০ |
| ২। | বস্তুকণা (PM) (সিমেন্ট কিলন কো-প্রসেসিং ব্যতীত) | $mg/Nm^3$ | ১০০ |
| ৩। | বস্তুকণা (PM) (অন্যান্য উৎস যেমন: ক্লিংকার গ্রাইন্ডিং) | $mg/Nm^3$ | ৫০ |
| ৪। | সালফার ডাই অক্সাইড ($SO_2$) | $mg/Nm^3$ | ৪০০ |
| ৫। | নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$) | $mg/Nm^3$ | ৬০০ |
| ৬। | মার্কারি (Hg) | $mg/Nm^3$ | ০.০৫ |

**(খ) ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions)**

| ক্রমিক নং | উৎস | প্রলম্বিত স্থিতিমাপ | একক | উপস্থিতি সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|---|
| ১। | সিমেন্ট প্ল্যান্ট/ক্লিংকার গ্রাইন্ডিং প্ল্যান্ট | প্রলম্বিত বস্তুকণা (SPM) | $\mu g/m^3$ | ৬০০ |

**ফিউজিটিভ নিঃসরণ পরিমাপ পদ্ধতি:**

১। High Volume বা অন্য কোনো অনুমোদিত Sampler দিয়া অন্যূন ৪ ঘণ্টা নিঃসরণের উৎস স্থল হইতে বায়ু প্রবাহের দিকে (Downwind direction) পরিমাপ করিতে হইবে; এবং

২। নিঃসরণ উৎস হইতে ১০ মিটার দূরত্বের মধ্যে নমুনা সংগ্রহ করিতে হইবে।

**(৩) স্টিলমিল:**

**(ক) স্ট্যাক নিঃসরণ:**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতি সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| ১। | বস্তুকণা (PM) (কোক ওভেন এবং ব্লাস্ট ফার্নেস) | $mg/Nm^3$ | ৫০ |
| ২। | বস্তুকণা (PM) (অন্যান্য উৎস, যেমন-সিন্টারিং প্ল্যান্ট, বেসিক অক্সিজেন ফার্নেস, রিংরোলিং মিল) | $mg/Nm^3$ | ১৫০ |
| ৩। | সালফার ডাই অক্সাইড ($SO_2$) | $mg/Nm^3$ | ২০০ |
| ৪। | নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$) | $mg/Nm^3$ | ১৫০ |
| ৫। | লেড (Pb) | $mg/Nm^3$ | ২.০ |

**ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions)**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতি সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| ১। | প্রলম্বিত বস্তুকণা (SPM) | $\mu g/m^3$ | ৬০০ |

**ফিউজিটিভ নিঃসরণ পরিমাপ পদ্ধতি**

(ক) High Volume বা অন্য কোনো অনুমোদিত Sampler দিয়া অন্যূন ৪ ঘণ্টা নিঃসরণের উৎস স্থল হইতে বায়ু প্রবাহের দিকে (Down wind direction) পরিমাপ করিতে হইবে; এবং

(খ) নিঃসরণ উৎস হইতে ১০ মিটার দূরত্বের মধ্যে নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৪) **টেক্সটাইল স্পিনিং মিল:**

**ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions)**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতি সর্বোচ্চ সীমা (মিশ্র এলাকা) | উপস্থিতি সর্বোচ্চ সীমা (শিল্প এলাকা) |
|---|---|---|---|---|
| ১। | প্রলম্বিত বস্তুকণা (SPM) | $\mu g/m^3$ | ২৫০ | ৩০০ |

**ফিউজিটিভ নিঃসরণ পরিমাপ পদ্ধতি**

(ক) High Volume বা অন্য কোনো অনুমোদিত Sampler দিয়া অন্যূন ৪ ঘণ্টা নিঃসরণের উৎস স্থল হইতে বায়ু প্রবাহের দিকে (Down wind direction) পরিমাপ করিতে হইবে; এবং

(খ) নিঃসরণ উৎস হইতে ১০ মিটার দূরত্বের মধ্যে নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৫) **পাথর ভাঙা**

**ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions)**

| ক্রমিক নং | দূষণের উৎস | স্থিতিমাপ | একক | উপস্থিতি সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|---|
| ১। | ক্রাশিং ইউনিটে সকল প্রক্রিয়াকরণ যন্ত্র | প্রলম্বিত বস্তুকণা (SPM) | $\mu g/m^3$ | ৬০০ |

**ফিউজিটিভ নিঃসরণ পরিমাপ পদ্ধতি**

(ক) High Volume বা অন্য কোনো অনুমোদিত Sampler দিয়া অন্যূন ৪ ঘণ্টা নিঃসরণের উৎস স্থল হইতে বায়ু প্রবাহের দিকে (Downwind direction) পরিমাপ করিতে হইবে; এবং

(খ) নিঃসরণ উৎস হইতে ১০ মিটার দূরত্বের মধ্যে নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৬) সার কারখানা

(ক) নাইট্রোজেন সংবলিত সার কারখানা

**গ্যাসীয় নিঃসরণ**

| ক্রমিক নং | স্থিতিমাপ | উৎস | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|---|
| ১। | বস্তুকণা (PM) | ইউরিয়া প্রিলিং টাওয়ার | $mg/Nm^3$ | ১৫০ (শুষ্ক পদ্ধতিতে ধূলিকণা অপসারণ) (Dry Dedusting) |
| ২। | অ্যামোনিয়া ($NH_3$) | | $mg/Nm^3$ | ১০০ (ইউরিয়া প্রিলিং টাওয়ার) |

(খ) ফসফেট জাতীয় সার কারখানা

**গ্যাসীয় নিঃসরণ**

| ক্রমিক নং | উৎস | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|---|
| ১। | গ্রানিউলেশন, মিক্সিং ও গ্রাইন্ডিং সেকশন | বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ১৫০ |
| ২। | ফসফরিক এসিড পদ্ধতি | সার্বিক ফ্লুরাইড (মৌল F হিসাবে) | $mg/Nm^3$ | ২৫ |
| ৩। | সালফিউরিক এসিড প্ল্যান্ট | সালফার ডাই অক্সাইড ($SO_2$) | | |
| | | DCDA | kg/ton সালফিউরিক এসিড (১০০%) | ৪ |
| | | SCSA | kg/ton সালফিউরিক এসিড (১০০%) | ১০ |
| | | সালফিউরিক এসিড বাষ্প | $mg/Nm^3$ | ৫০ |

(৭) **শিল্প প্রতিষ্ঠানের বয়লার**

**গ্যাসীয় নিঃসরণ**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| ১। | কালি ও বস্তুকণা (PM) (জ্বালানিভিত্তিক)<br>(ক) কয়লা<br>(খ) গ্যাস<br>(গ) তৈল<br>(ঘ) তুষ/চারকল | $mg/Nm^3$ | <br>২৫০<br>-<br>২০০<br>২৫০ |
| ২। | নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$)<br>(জ্বালানিভিত্তিক)<br>(ক) কয়লা<br>(খ) গ্যাস<br>(গ) তৈল<br>(ঘ) তুষ/চারকল/অন্যান্য প্যালেট | $mg/Nm^3$ | <br>৪০০<br>১৫০<br>৩০০<br>৪০০ |
| ৩। | মার্কারি এবং মার্কারি যৌগসমূহ (Hg-Mercury & Mercury compounds) (কেবল কয়লা জ্বালানি ব্যবহারকারী বয়লারের ক্ষেত্রে প্রযোজ্য) | $mg/Nm^3$ | ০.০৩ |
| ৪। | সালফার ডাই অক্সাইড ($SO_2$) | $mg/Nm^3$ | ২৫০ |

(৮) **নাইট্রিক এসিড প্ল্যান্ট**

**গ্যাসীয় নিঃসরণ**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| ১। | নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_x$) | কেজি/টন এসিড | ৩ |

(৯) **চিনিশিল্প**

**গ্যাসীয় নিঃসরণ**

| | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| আখের ছোবড়া (bagasse) জ্বালানি ব্যবহারকারী বয়লার নিঃসৃত বস্তুকণা (PM) | স্টেপগ্রেড (Stepgrade) | mg/Nm3 | ২৫০ |
| | পালসেটিং/হর্সশু (Pulsating/ Horseshoe) | mg/Nm3 | ৫০০ |
| | স্প্রেডারস্ট্রোকার (Spreader Stroker) | mg/Nm3 | ৮০০ |

**(১০) বালাইনাশক (ম্যানুফ্যাকচারিং ও ফরমুলেশন)**

**গ্যাসীয় নিঃসরণ**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতির সীমা |
|---|---|---|---|
| ১। | হাইড্রোজেন ক্লোরাইড (HCl) | mg/Nm3 | ২০ |
| ২। | ক্লোরিন ($Cl_2$) | $mg/Nm^3$ | ৫ |
| ৩। | হাইড্রোজেন সালফাইড ($H_2S$) | $mg/Nm^3$ | ৫ |
| ৪। | ফসফরাস পেন্টাঅক্সাইড (ফসফরিক এসিড হিসাবে) | $mg/Nm^3$ | ১০ |
| ৫। | অ্যামোনিয়া ($NH_3$) | $mg/Nm^3$ | ৩০ |
| ৬। | বালাইনাশক মিশ্রিত বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ২০ |
| ৭। | মিথাইল ক্লোরাইড ($CH_3CI$) | $mg/Nm^3$ | ২০ |
| ৮। | হাইড্রোজেন ব্রোমাইড (HBr) | $mg/Nm^3$ | ৫ |

**(১১) ব্যাটারি প্রস্তুত শিল্প :**

(ক) লেড এসিড ব্যাটারি প্রস্তুত শিল্প

**গ্যাসীয় নিঃসরণ**

| ক্রমিক নং | উৎস | দূষণ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|---|
| ১। | গ্রিডকাস্টিং | (ক) লেড (Pb)<br>(খ) বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | (ক) ১০<br>(খ) ২৫ |
| ২। | অক্সাইড ম্যানুফ্যাকচারিং | (ক) লেড (Pb)<br>(খ) বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | (ক) ১০<br>(খ) ২৫ |
| ৩। | পেস্ট মিক্সিং | (ক) লেড (Pb)<br>(খ) বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | (ক) ১০<br>(খ) ২৫ |
| ৪। | সংযোজন | (ক) লেড (Pb)<br>(খ) বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | (ক) ১০<br>(খ) ২৫ |
| ৫। | পিভিসি সেকশন | (ক) বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ১৫০ |

নোট: উল্লিখিত সকল সেকশন হইতে নির্গত বাতাস হুড ও ফ্যান সংযোজিত স্ট্যাক এর মাধ্যমে নির্গত করিতে হইবে। প্রয়োজনে ব্যাগ ফিল্টার ও ভেনচ্যুরি স্ক্রাবার স্থাপন করিতে হইবে। স্ট্যাক এর উচ্চতা অন্যূন ৩০ মিটার হইতে হইবে।

**সেকেন্ডারি লেড স্মেলটার (চুল্লি)**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা (স্ট্যাক উচ্চতা ব্যতীত) |
|---|---|---|---|
| ১। | লেড (Pb) | $mg/Nm^3$ | ৫ |
| ২। | বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ৫০ |
| ৩। | ন্যূনতম স্ট্যাক উচ্চতা | মিটার | ৩০ |

**(খ) ড্রাইসেল ব্যাটারি প্রস্তুত শিল্প**

**গ্যাসীয় নিঃসরণ**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| ১। | বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ৫০ |
| ২। | ম্যাংগানিজ (Mn) | $mg/Nm^3$ | ৫ |

**নোট:** উল্লিখিত সকল সেকশন হইতে নির্গত বাতাস হুড ও ফ্যান সংযোজিত স্ট্যাক-এর মাধ্যমে নির্গত করিতে হইবে। প্রয়োজনে ব্যাগ ফিল্টার ও ভেনচ্যুরি স্ক্রাবার স্থাপন করিতে হইবে। স্ট্যাক-এর উচ্চতা অন্যূন ৩০ মিটার হইতে হইবে।

**(১২) সিরামিক টাইলস এবং স্যানিটারি ওয়্যার প্রস্তুতকারী কারখানা**

**গ্যাসীয় নিঃসরণ**

| উৎস | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| কিলন স্ট্যাক | বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ১৫০ |
| | সালফার ডাই অক্সাইড ($SO_2$) | $mg/Nm^3$ | ৪০০ |
| | নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$) | $mg/Nm^3$ | ৬০০ |
| | হাইড্রোজেন ক্লোরাইড (HCI) | $mg/Nm^3$ | ৩০ |
| | হাইড্রোজেন ফ্লোরাইড (HF) | $mg/Nm^3$ | ৫ |
| | লেড (Pb) | $mg/Nm^3$ | ০.৫ |
| | ক্যাডমিয়াম (Cd) | $mg/Nm^3$ | ০২ |
| কাঁচামাল প্রক্রিয়াকরণ সেকশন | বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ১৫০ |
| ড্রায়ার | বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ১৫০ |

**(১৩) ইটভাটা**

**চিমনি বা স্ট্যাক নিঃসরণ**

| স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|
| বস্তুকণা (PM) | $mg/Nm^3$ | ২৫০ |
| সালফার ডাইঅক্সাইড ($SO_2$) | $mg/Nm^3$ | ২৫০ |

**নমুনা সংগ্রহের পদ্ধতি:**

(১) ইটভাটার বায়বীয় নিঃসরণে দূষণের মানমাত্রা পরীক্ষা করিবার জন্য নমুনা সংগ্রহের লক্ষ্যে ভাটার চিমনিতে স্থায়ী ছিদ্র (Port hole) ও নমুনা সংগ্রহের মঞ্চ (Platform) তৈরি করিতে হইবে।

(২) স্ট্যাকের বায়বীয় নমুনা সংগ্রহের স্থান চিমনির নিচের ব্যাসের (Diameter) দ্বিগুণ পরিমাণ উপরে বা চিমনির উপরিভাগের ব্যাসের আটগুণ নিচে থাকিতে হইবে।

(৩) চিমনি হইতে নমুনা সংগ্রহের সময় চিমনির নিঃসরণের বেগ (Veliocity) অন্যূন ০.২ মিটার/সেকেন্ড থাকিতে হইবে এবং বস্তুকণা (PM) পরিমাপের ক্ষেত্রে অন্যূন ১ (এক) ঘনমিটার নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৪) প্রতিটি নমুনা সংগ্রহের ক্ষেত্রে Fuel Charging ও Non-Charging সময় পর্যন্ত নমুনা সংগ্রহ করিতে হইবে।

**ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions)**

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|
| ১। | প্রলম্বিত বস্তুকণা (SPM) | $\mu g/m^3$ | ৫০০ |

**নমুনা সংগ্রহের পদ্ধতি:**

(১) এই উপস্থিতিসীমা যে সকল ইটভাটার চিমনি (stack) নিঃসরণ পরিমাপ সম্ভব নহে কেবল সেই সকল ইটভাটার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) High Volume Sampler পদ্ধতিতে অন্যূন ৪ ঘণ্টা সময় পর্যন্ত নিঃসরণের উৎস স্থল হইতে বায়ুপ্রবাহের দিকে (Downwind direction) নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৩) ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions) পরিমাপের লক্ষ্যে নিঃসরণের উৎস হইতে ১০ মিটার দূরত্বে নমুনা সংগ্রহ করিতে হইবে।

**নোট:**

১। ইটভাটা সৃষ্ট বায়ুদূষণের সমন্বিত প্রভাব (Cumulative impact) সহনীয় মাত্রায় রাখিবার লক্ষ্যে নূতন ইটভাটা স্থাপনের ক্ষেত্রে ১ জুলাই, ২০১৪ এর পূর্বে স্থাপিত ইটভাটা হইতে নূতন ইটভাটার দূরত্ব অন্যূন ১ (এক) কিলোমিটার হইতে হইবে।

২। Induced/High Draught প্রযুক্তির ইটভাটা (যেমন-জিগজাগ ইটভাটা) এর ক্ষেত্রে চিমনির অন্যূন উচ্চতা ২৩ মিটার হইবে। কিলন হইতে চিমনিতে ধোঁয়া নিঃসরণকারী নালার দুই-তৃতীয়াংশ পানি দ্বারা পূর্ণ রাখিতে হইবে। বর্ণিত নালার পানি নিয়মিত পরিবর্তন করিতে হইবে।

৩। ইটভাটা হইতে কাঁচামাল ও ইট পরিবহণের সময় ট্রাক পুরোপুরি ঢাকিয়া পরিবহণ করিতে হইবে।

**(১৪) পৌর কঠিন বর্জ্য ইনসিনারেটর (Municipal Solid Waste Incinerator)**

**(ক) ইনসিনারেটর পরিচালনার মানদণ্ড (Operating Standard)**

| স্থিতিমাপ (Parameters) | বিশদ বিবরণী (Specification) | মানদণ্ড (Standard) |
|---|---|---|
| তাপমাত্রা | প্রাইমারি চেম্বার | >৮৫০° সেন্টিগ্রেড |
| | সেকেন্ডারি চেম্বার | অন্যূন ১০০০° সেন্টিগ্রেড |
| | বায়ুদূষণ নিয়ন্ত্রণকারী যন্ত্রে অনুপ্রবেশকারী গ্যাস | <২০০০° সেন্টিগ্রেড |
| গ্যাস রেসিডেন্স সময় (Gas residence time) | সর্বশেষ দাহ বায়ু অনুপ্রবেশের (After last injection of combustion air)/সেকেন্ডারি চেম্বার | ≥২ সেকেন্ড |
| বায়ু প্রবাহ (Air flow) | সর্বমোট দাহ বায়ু (Total combustion air) | অতিরিক্ত ১৪০-২০০% |
| | ইনসিনারেটরে বায়ু সরবরাহ ও বিতরণ | পর্যাপ্ত |
| | সকল জোনে দাহ গ্যাস ও বায়ুর মিশ্রণ | ভালো মিশ্রণ (Good mixing) |
| | ফ্লু গ্যাসের সহিত বস্তুকণার নিঃসরণ (Particulate matter entrainment into flue gas) | বায়ুর গতি পরিমিত রাখা (Minimize by keeping moderate air velocity) |
| অক্সিজেনের ঘনত্ব (অতিরিক্ত) Oxyzen Conc. (excess) | - | সর্বোচ্চ ৬% |
| দহন ক্ষমতা (Combustion Efficiency) | $CE = \frac{CO2}{\% CO2 + \% CO} \times 100$ | ন্যূনতম ৯৯% |
| পরিবীক্ষণ | নিরবচ্ছিন্ন নিঃসরণ পরিবীক্ষণ (Continuous emission monitoring) | বস্তুকণা, CO, $SO_2$, HF, HCl, NOx এবং ছাড়পত্রের শর্তে উল্লিখিত অন্য কোনো প্যারামিটার |
| | নিরবচ্ছিন্ন প্রসেস প্যারামিটার পরিবীক্ষণ (Continuous process parameters monitoring) | ফার্নেসের তাপমাত্রা, ফ্লু গ্যাস আউটলেট তাপমাত্রা, চাপ, জলীয় বাষ্প এবং ছাড়পত্রের শর্তে উল্লিখিত অন্য কোনো প্যারামিটার |
| | নিয়মিত নিঃসরণ পরিবীক্ষণ (বৎসরে ২-৪ বার) | ভারী ধাতু, ডাইঅক্সিন এবং ফুরান |

| **স্থিতিমাপ (Parameters)** | **বিশদ বিবরণী (Specification)** | **মানদন্ড (Standard)** |
|---|---|---|
| দূষণ নিয়ন্ত্রণ যন্ত্রপাতি | বায়ুদূষণ নিয়ন্ত্রণ ডিভাইস স্থাপন | ফেব্রিক ফিল্টার ড্রাই (সাধারণত ড্রাই ইঞ্জেকশন সুবিধাসহ), প্যাকড বেড, ভেঞ্চুরি বা অন্য কোনো ওয়েটস্ক্রাবার, ইলেকট্রোস্টেটিক প্রিসিপিটেটর (ইএসপি) |
| চিমনির উচ্চতা* | ইনসিনারেটরের ক্ষমতা <৩০০ টন দৈনিক | ৪৫ মিটার |
| | ইনসিনারেটরের ক্ষমতা ≥৩০০ টন দৈনিক | ৭০ মিটার |

* চিমনির উচ্চতা ডিসপার্সন মডেলিং এর মাধ্যমে নির্ধারণ করিতে হইবে, তবে তাহা উপরি-উক্ত টেবিলে বর্ণিত উচ্চতার কম হইবে না।

**(খ) স্ট্যাক নিঃসরণ (Stack Emissions) মানমাত্রা**

| **স্থিতিমাপ** | **গড় সময়** | **উপস্থিতির সর্বোচ্চ সীমা ($mg/Nm^3$)** |
|---|---|---|
| বস্তুকণা (PM) | ১ ঘণ্টা | ৩০ |
| | ২৪ ঘণ্টা | ২০ |
| কার্বন মনোক্সাইড (CO) | ১ ঘণ্টা | ১০০ |
| | ২৪ ঘণ্টা | ৮০ |
| নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_X$) | ১ ঘণ্টা | ৩০০ |
| | ২৪ ঘণ্টা | ২৫০ |
| সালফার ডাইঅক্সাইড ($SO_2$) | ১ ঘণ্টা | ১০০ |
| | ২৪ ঘণ্টা | ৮০ |
| হাইড্রোজেন ক্লোরাইড (HCl) | ১ ঘণ্টা | ৬০ |
| | ২৪ ঘণ্টা | ৫০ |
| মার্কারি (Hg) | ০.৫-৮ ঘণ্টা | ০.০৫ |
| ক্যাডমিয়াম ও থ্যালিয়াম | ০.৫-৮ ঘণ্টা | ০.১ |

| **স্থিতিমাপ** | **গড় সময়** | **উপস্থিতির সর্বোচ্চ সীমা ($mg/Nm^3$)** |
|---|---|---|
| এন্টিমনি, আর্সেনিক, লেড, ক্রোমিয়াম, কোবাল্ট, কপার, ম্যাংগানিজ এবং নিকেল (Sb, As, Pb, Co, Cu, Mn and Ni) | ০.৫-৮ ঘণ্টা | ০.৫ |
| হাইড্রোজেনফ্লুরাইড (HF) | ০.৫ ঘণ্টা | ১.০ |
| ডাইঅক্সিন এবং ফুরান (Dioxin and Furan) | ৬-৮ ঘণ্টা | ০.১ ng $TEQ/Nm^3$ |

* এই তফসিলের শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের গ্যাসীয় নিঃসরণ মানমাত্রা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত পরিমাপ পদ্ধতিতে নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করা যাইবে।

## তফসিল ৬

## নির্মাণ কাজের ধূলিকণা নিয়ন্ত্রণের মানদণ্ড (Standard for Construction Dust Control)

[বিধি ৩ এর উপ-বিধি (৩) এবং বিধি ১০ এর উপ-বিধি (১), (৪) ও (৫) দ্রষ্টব্য]

**অংশ-১**

**১। সাইট ফরমেশন (Site formation):**

(ক) সাইট ফরমেশনের ক্ষেত্রে অংশ-৩ এবং অংশ-৪ এ উল্লিখিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে;এবং

(খ) সাইট ফরমেশনের অন্তর্ভুক্ত কাজসমূহ খনন (Excavation), ভরাট, নির্মাণ কাজের জন্য সাইট প্রস্তুতের লক্ষ্যে মাটি সরানো এবং পানি নিষ্কাশনের কাজ।

**২। ভবন ধ্বংসকরণ (Building demolition):**

(ক) কোনো স্থানে ভবন ধ্বংসকরণ কাজ শুরুর পূর্বে, কাজ চলাকালীন এবং কাজ শেষ হইবার পরে উক্ত স্থানে পানি ছিটাইয়া ভিজা রাখিতে হইবে;

(খ) ভবন ধ্বংসকরণের সময় নিশ্ছিদ্র আবরণ (Sheet) বা পর্দা (Screen) দ্বারা আচ্ছাদিত করিতে হইবে; এবং

(গ) অংশ-৩ এবং অংশ-৪ এ উল্লিখিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে।

**৩। ভবনের ফাউন্ডেশন নির্মাণ (Construction of the foundation of a building):**

ভবনের ফাউন্ডেশন নির্মাণের ক্ষেত্রে অংশ-৩ এবং অংশ-৪ এ উল্লিখিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণ-ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে।

**৪। ভবনের উপরি কাঠামো নির্মাণ (Construction of the superstructure of a building):**

(ক) নির্মাণাধীন ভবনের নিচতলা হইতে সর্বোচ্চ উচ্চতা পর্যন্ত স্থাপিত ভারা-বাধা (Scaffolding) কার্যকর পর্দা, শীট বা নেট দিয়া আচ্ছাদিত করিতে হইবে;

(খ) নির্মাণ সামগ্রী বহনকারী আধার (Skip) সম্পূর্ণরূপে ঢাকিয়া আনা-নেওয়া করিতে হইবে; এবং

(গ) অংশ-৩ এবং অংশ-৪ এ উল্লিখিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে।

**৫। সড়ক নির্মাণ (Construction of road):**

সড়ক নির্মাণের ক্ষেত্রে অংশ-৩ এবং অংশ-৪ এ উল্লিখিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে।

### অংশ-২

**৬। ভবনের বাইরের দেওয়াল বা ছাদের সংস্কার (Renovation):**

(ক) নির্মাণাধীন ভবনের নিচতলা হইতে সর্বোচ্চ উচ্চতা পর্যন্ত স্থাপিত ভারা-বাধা (Scaffolding) কার্যকর পর্দা, শীট বা নেট দিয়া আচ্ছাদিত করিতে হইবে;

(খ) নির্মাণ সামগ্রী বহনকারী আধার (Skip) সম্পূর্ণরূপে ঢাকিয়া আনা-নেওয়া করিতে হইবে; এবং

(গ) অংশ-৩ এবং অংশ-৪ এ উল্লিখিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে।

**৭। রাস্তা কাটা বা রিসার্ফেসিং কাজ (Road opening and resurfacing work):**

রাস্তা কাটা বা রিসার্ফেসিং (Road opening or resurfacing) কাজের ক্ষেত্রে-

(ক) খননকৃত মাটি বা ধূলিময় বস্তুকণা (Dusty materials) বা ইহাদের স্তূপ-

(অ) অভেদ্য আবরণ দিয়া সম্পূর্ণরূপে ঢাকিতে হইবে;

(আ) পানি ছিটাইয়া সম্পূর্ণ সারফেস ভিজাইতে হইবে; এবং

(ই) খনন বা আনলোডিং এর ২৪ ঘণ্টার মধ্যে অপসারণ, ব্যাকফিলিং বা পূর্বাবস্থায় (Reinstate) ফিরাইয়া আনিতে হইবে;

(খ) ধূলিময় বস্তুকণা (Dusty materials) ঘেরাও দেওয়া স্থানের বাহিরে যাইতে পারিবে না;

(গ) ধূলিময় বস্তুকণা (Dusty materials) এর স্তূপ অপসারণের পর অবশিষ্টাংশ পানি ছিটাইয়া ভিজাইতে হইবে এবং এইগুলি রাস্তা হইতে ভালোভাবে পরিষ্কার করিতে হইবে;

(ঘ) অংশ-৩ এবং অংশ-৪ এ উল্লিখিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে।

**৮। ঢাল স্ট্যাবিলাইজেশন কাজ (Slope stabilization work):**

ঢাল স্ট্যাবিলাইজেশনের কাজ সম্পাদনের ক্ষেত্রে অংশ-৩ এবং অংশ-৪ এ উল্লিখিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে।

### অংশ-৩

**৯। সাইটের সীমানা এবং প্রবেশপথ (Site boundary and entrance):**

রাস্তা কাটা বা রিসার্ফেসিং (Road opening or resurfacing) কাজ অথবা সম্পূর্ণ বাঁধাই করা সাইটে সম্পাদিত নির্মাণ কাজ ব্যতীত-

(ক) গাড়ি নির্গমন পথে উচ্চচাপবিশিষ্ট ওয়াটার জেট দিয়া গাড়ি ধৌত করিবার ব্যবস্থা করিতে হইবে;

(খ) গাড়ি ধৌত করিবার স্থান এবং উক্ত স্থান হইতে গাড়ি নির্গমন পথের সংযোগকারী রাস্তা কংক্রিট, বিটুমিনাস বস্তু বা হার্ডকোর দিয়া বাঁধাই করিতে হইবে; এবং

(গ) নির্মাণ সাইটটি কোনো সড়ক, রাস্তা, সার্ভিস লেন কিংবা সর্ব সাধারণের প্রবেশাধিকার বিশিষ্ট কোনো স্থানের সন্নিকটস্থ হইলে প্রবেশ ও নির্গমন পথ ব্যতীত সাইটের সম্পূর্ণ সীমানা বরাবর অন্যূন ২.৪ মিটার উঁচু অস্থায়ী বেড়াস্থাপন করিতে হইবে।

১০। **সংযোগ সড়ক (Access road):**

(ক) রাস্তা কাটা বা রিসার্ফেসিং (Road opening or resurfacing) কাজ ব্যতীত প্রধান মালবাহী যানচলাচলের রাস্তা (Haul road) কংক্রিট, বিটুমিনাস বস্তু, হার্ডকোর অথবা ধাতবপাত দিয়া বাঁধাই করিতে হইবে এবং ধূলা বালিমুক্ত রাখিতে হইবে; অথবা পানি ছিটাইয়া ভেজা রাখিতে হইবে; এবং

(খ) 'প্রধান মালবাহী যান চলাচলের রাস্তা (Haul road)' অর্থ নির্মাণ সাইটের যে-কোনো পথ যাহা দিয়া গড়ে প্রতি ৩০ মিনিটে ৪ টির বেশি গাড়ি চলাচল করে।

১১। **সিমেন্ট:**

(ক) ২০ বা ততোধিক সিমেন্ট ব্যাগের স্তূপ সম্পূর্ণরূপে অভেদ্য শীট দিয়া ঢাকিয়া রাখিতে হইবে অথবা এমন কোনো জায়গায় রাখিতে হইবে যাহার উপরিভাগ ও তিনদিক আচ্ছাদিত;

(খ) খোলা অবস্থায় সরবরাহকৃত সিমেন্ট (বাল্ক সিমেন্ট) সাইলোতে সংরক্ষণ করিতে হইবে;

(গ) সাইলোতে ধারণক্ষমতার অতিরিক্ত সিমেন্ট সংরক্ষণ করা যাইবে না; এবং

(ঘ) বাল্ক সিমেন্ট বা ব্যাগ হইতে বাহির করিবার পর সিমেন্ট লোডিং, আনলোডিং, ট্রান্সফার, হ্যান্ডলিং কিংবা সংরক্ষণ কার্যক্রম সম্পূর্ণ আবদ্ধ পদ্ধতিতে (Enclose system) সম্পন্ন করিতে হইবে এবং ইহার ভেন্ট বা এক্সস্টপথের সহিত একটি কার্যকর ফেব্রিক ফিল্টার বা অন্য কোনো সমজাতীয় বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বা উপকরণ যুক্ত করিতে হইবে।

**অংশ-৪**

১২। **ধূলিময় বস্তুকণা স্টকপাইলিং (Stockpiling for dusty materials):**

ধূলিময় বস্তুকণার স্তূপ (Stockpile)-

(ক) সম্পূর্ণরূপে অভেদ্য শীট দিয়া ঢাকিয়া রাখিতে হইবে; অথবা

(খ) উপরিভাগ ও তিন দিক আচ্ছাদিত কোনো জায়গায় রাখিতে হইবে; অথবা

(গ) পানি ছিটাইয়া সম্পূর্ণ সারফেস ভিজা রাখিতে হইবে।

১৩। **ধূলিময় বস্তুকণা লোডিং, আনলোডিং এবং স্থানান্তর (Loading, unloading and transfer of dusty materials):**

সিমেন্ট এবং অন্য কোনো নির্মাণ সামগ্রী-যেগুলির জন্য আর্দ্রতা একটি সমস্যা সেই সকল সামগ্রী ব্যতীত সকল ধূলিময় বস্তুকণা লোডিং, আনলোডিং এবং স্থানান্তরের পূর্বে পানি ছিটাইতে হইবে যাহাতে ধূলিময় বস্তুকণার সিক্ততা বজায় থাকে।

১৪। **বেল্ট কনভেয়ার পদ্ধতিতে ধূলিময় বস্তুকণা স্থানান্তর (Transfer of dusty materials using a belt conveyor system):**

(ক) ধূলিময় বস্তুকণা স্থানান্তরের জন্য ব্যবহৃত কনভেয়ার বেল্টের উপরিভাগ এবং দুই পার্শ্ব ঢাকিয়া রাখিতে হইবে;

(খ) দুইটি বেল্টের ট্রান্সফার পয়েন্ট সম্পূর্ণরূপে ঘিরিয়া (Enclosed) রাখিতে হইবে;

(গ) বেল্ট কনভেয়ারের হেড পুলিতে (Head pulley) কার্যকরী বেল্ট স্ক্র্যাপার (Belt scraper) বা সমজাতীয় কল (Device) স্থাপন করিতে হইবে যাহাতে বেল্টের গায়ে লাগিয়া থাকা বস্তুকণা অপসারণ করিতে পারে। ফিরতি বেল্ট হইতে বস্তু পড়ারোধ করিবার জন্য বেল্ট স্ক্র্যাপারের সহিত বটম প্ল্যাট (Bottom plate) যুক্ত করিতে হইবে বা সমজাতীয় উপায় অবলম্বন করিতে হইবে;

(ঘ) প্রতিটি স্টক পাইলিং বেল্ট কনভেয়ার লেভেল উপযোজন করার ব্যবস্থা থাকিতে হইবে যাহাতে বেল্ট কনভেয়ারের নির্গম মুখ (Outlet) এবং বস্তু পতনের স্থানের (Material landing point) উলম্ব দূরত্ব (Vertical distance) ১ মিটারের অধিক না হয়; এবং

(ঙ) বেল্ট কনভেয়ারের নির্গমনমুখ (Outlet) হইতে স্টকপাইল, স্টোরেজ বিন, ট্রাক এবং বার্জে ধূলিময় বস্তুকণা আনলোডিং-এর স্থলের উপরিভাগ এবং তিনপার্শ্ব ঘেরাও দিয়া রাখিতে হইবে।

১৫। **নির্মাণ কাজে ব্যবহৃত গাড়ি (Use of vehicle):**

(ক) নির্মাণস্থল পরিত্যাগের অব্যবহিতপূর্বে প্রতিটি গাড়ি ধৌত করিয়া গাড়ির বডি এবং চাকা হইতে ধূলিময় বস্তুকণা (Dusty materials) অপসারণ করিতে হইবে; এবং

(খ) ধূলিময় বস্তুকণা পরিবহণকারী গাড়ি নির্মাণ স্থল পরিত্যাগের পূর্বে উক্তবস্তু কণা অছিদ্র আবরণ দিয়া ভালোভাবে ঢাকিতে হইবে যাহাতে গাড়ি হইতে বস্তুকণা ছড়াইতে না পারে।

১৬। **ড্রিলিং, কাটিং এবং পলিশিং (Drilling, cutting and polishing):**

কোনো স্থানে নিউমেটিক বা শক্তি চালিত ড্রিলিং, কাটিং, পলিশিং বা যান্ত্রিক ভাঙন কার্যক্রম পরিচালনাকালে সেই স্থানে অনবরত পানি ছিটাইতে হইবে অথবা কোনো ডাস্ট এক্সট্রাকশন ও ফিল্টারিং যন্ত্রস্থাপন করিতে হইবে।

১৭। **মাটি খনন বা মাটি অপসারণ (Excavation or earth moving):**

কোনো এলাকায় মাটি খনন বা অপসারণ কাজ চলিবার সময়, অব্যবহিত পূর্বে এবং পরে উক্ত এলাকার সিক্ততা বজায় রাখিবার জন্য পানি ছিটাইতে হইবে।

১৮। **কংক্রিট উৎপাদন (Concrete production):**

(ক) খোলা অবস্থায় সরবরাহকৃত সিমেন্ট সাইলোতে সংরক্ষণ করিতে হইবে;

(খ) সাইলোতে ধারণ ক্ষমতার অতিরিক্ত সিমেন্ট সংরক্ষণ করা যাইবে না;

(গ) বাল্ক সিমেন্ট বা ব্যাগ হইতে বাহির করিবার পর সিমেন্ট লোডিং, আনলোডিং, ট্রান্সফার, হ্যান্ডলিং কিংবা সংরক্ষণ কার্যক্রম সম্পূর্ণ আবদ্ধ পদ্ধতিতে (Enclose system) সম্পন্ন করিতে হইবে এবং ইহার ভেন্ট বা এক্সস্ট পথের সহিত একটি কার্যকর ফেব্রিক ফিল্টার বা অন্য কোনো সমজাতীয় বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বা উপকরণ যুক্ত করিতে হইবে; এবং

(ঘ) কোনো স্থানে কংক্রিট তৈরির জন্য সেই স্থানের তিনদিক এবং উপরিভাগ ঢাকিয়া ব্যাগ হইতে সিমেন্ট বাহির করা, ব্যাচিং ও মিশ্রণের কাজ করিতে হইবে।

১৯। **সাইট পরিষ্কারকরণ (Site clearance):**

(ক) কোনো এলাকায় গাছপালা, লতাপাতা উৎপাটন অথবা বোল্ডার, খুঁটি (Pole), স্তম্ভ (Pillar), স্থায়ী বা অস্থায়ী অবকাঠামো অপসারণের কাজ চলিবার সময়, অব্যবহিত পূর্বে এবং পরে উক্ত এলাকার সিক্ততা বজায় রাখিবার জন্য পানি ছিটাইতে হইবে; এবং

(খ) সকল ধ্বংসকৃত সামগ্রী (Demolished materials) যেমন-গাছপালা, লতাপাতা, বোল্ডার, খুঁটি, স্তম্ভ, কাঠামো, ধ্বংসাবশেষ, আবর্জনা এবং সাইট পরিষ্কারকরণের ফলে সৃষ্ট অন্য কোনো সামগ্রী যাহা হইতে ধূলা বালি ছড়াইতে পারে তাহা অভেদ্য শীট দিয়া ঢাকিয়া রাখিতে হইবে।

**নোট:**

(১) 'নির্মাণ সাইট (Construction Site)' অর্থ এমন একটি জায়গা যেখানে নির্মাণ কার্যক্রম পরিচালনা করা হয় অথবা নির্মাণ কাজের উদ্দেশ্যে নির্মাণ সামগ্রী বা যন্ত্রপাতি সংরক্ষণ (Storage) করা হয়;

(২) 'নির্মাণ কাজ (Construction Work)' অর্থ:

(ক) ভবন, সেতু, চিমনি, জাহাজঘাট (dock), আর্চ, হোরডিং (hoarding), সেল্টার, টানেল, দেওয়াল, পিয়ার (pier), ওয়োরফ্ (wharf), সড়ক, স্লোপ, বাঁধ, রাস্তা, রেলওয়ে, ট্রামওয়ে, এয়ারপোর্ট, নালা (channel), ড্রেন, সার্ভিসলেন, পানি সরবরাহ বা নিষ্কাশন নালা, লাইটিং অথবা পাবলিক ইউটিলিটি নির্মাণ, ধ্বংসকরণ (demolition), পরিবর্তন, মেরামত অথবা রক্ষণাবেক্ষণ (maintenance);

(খ) ড্রেজিং;

(গ) ভূমি হইতে যে-কোনো বস্তু আহরণ (Extraction);

(ঘ) পাইলিং;

(ঙ) কোয়ারিং (Quarrying);

(চ) পুনরুদ্ধার (Reclamation);

(ছ) সাইট ফরমেশন (Site formation);

(জ) ক-ছ-এউল্লিখিত কাজ সম্পাদনের জন্য পরিচালিত প্রস্তুতিমূলক কার্যক্রম; এবং

(ঝ) ক-জ-এ উল্লিখিত কার্যক্রম পরিচালনার জন্য যন্ত্রপাতি, প্ল্যান্ট, টুল, গিয়ার এবং সামগ্রী ব্যবহার;

(৩) 'ধূলিময় বস্তুকণা (Dusty materials)' অর্থ সিমেন্ট, মাটি, খোয়া (aggregates), সিল্ট, পাথর (Stone), বালু, ডাস্ট এবং কাঠের টুকরা (wooden chips)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. ফারহিনা আহমেদ**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd